দৈনিক ইনকিলাব

তিথ ... 26 NOV 199[illegible]
পৃষ্ঠা ৩ কলাম ২

## বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের জাতীয় সম্মেলন কাল

প্রেস বিজ্ঞপ্তি ঃ আগামীকাল শুক্রবার বিকেল সোয়া ৩টায় মোহাম্মদপুর কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় কলেজে বাংলাদেশ অধ্যক্ষ পরিষদের দু'দিনব্যাপী জাতীয় সম্মেলন শুরু হবে। * সম্মেলনে মূল বক্তব্যের উপর আলোচনার সূচনা করবেন বিশেষ অতিথি

দৈনিক ইত্তেফাক ও দৈনিক নিউনেশন সম্পাদকমণ্ডলীর সভাপতি ব্যারিস্টার মইনুল হোসেন।

বিশেষ অতিথি হিসাবে আলোচনায় অংশগ্রহণ করবেন জাতীয় বিশ্ববিদ্যালয়েল ভাইস-চ্যান্সেলর প্রফেসর আমিনুল ইসলাম,

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর প্রফেসর আলাউদ্দিন আহমেদ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকার চেয়ারম্যান প্রফেসর তোজাম্মেল হোসেনসহ আমন্ত্রিত অন্যান্য অতিথি এবং শিক্ষক নেত্রীবর্গ।

জাতীয় সম্মেলনের আহবায়ক প্রফেসর এম শরীফুল ইসলাম বিভিন্ন কলেজের প্রিন্সিপাল এবং ভাইস প্রিন্সিপালগণকে সম্মেলনে উপস্থিত থাকার জন্য আহবান জানিয়েছেন।